Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

৪৬শ বর্ষ | রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—১৪ই বৈশাখ বুধবার ১৩৬৭ ইংরাজী 27th April. 1960 | ৪৮শ সংখ্যা

## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ৫০ নয়া পয়সা। ২, দুই টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। স্থায়ী বিজ্ঞাপনের দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাঙলার (দ্বিগুণ)-দ্বি

সডাক বার্ষিক মূল্য ২।৳ টাকা ২৫ নয়া পয়সা

নগদ মূল্য ছয় নয়া পয়সা

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ


## বহরমপুর এক্সরে ক্লিনিক

জল গম্বুজের নিকট

পোঃ বহরমপুর ঃ মুর্শিদাবাদ

জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা

★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।

★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।

★ কলিকাতার মত এক্সরে করা হয়।

★ দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।






ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রিজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২



মনোমত

সুন্দর, সস্তা আর মজবুত

জিনিষ যদি চান তা হ'লে

আরতির

## "রাণী রাসমণি"

শাড়ী ও ধুতি কিনুন।

কাপড়কে সব দিক থেকে আপনাদের পছন্দমত করার সকল যত্ন সত্ত্বেও যদি কোন ত্রুটি থাকে, তাহ'লে দয়া ক'রে জানাবেন, বাধিত হ'ব এবং ত্রুটি সংশোধন করবো।

আরতি কটন মিলস্ লিঃ

দাশনগর, হাওড়া।



হাতে কাটা

বিশুদ্ধ পৈতা

পণ্ডিত-প্রেসে পাইবেন।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

১৪ই বৈশাখ বুধবার সন ১৩৬৭ সাল।

# গণতান্ত্রিক দেশে একের স্বেচ্ছাচারিতা ভীতিজনক

—•—

কতদিন হয়ে গেল ভারতের প্রধান মন্ত্রী শ্রীজহরলাল নেহরু ও পাকিস্তানের প্রধান মন্ত্রী শ্রীফিরোজ খাঁ নুনের মিলন হইয়া গিয়াছে। পাকিস্তান মন্ত্রী নুন সাহেবের বর্ত্তমান পদাধিকার কোথায় কে জানে?

যেমন রামচন্দ্র কোন্ ত্রেতাযুগে চলিয়া গিয়াছেন কিন্তু রাম নাম এখনও ঘুচে নাই। তেমনি নুন সাহেবের বেগমের জুতা স্বহস্তে তুলিয়া দেওয়া ভারতের প্রধান মন্ত্রীর কীর্ত্তিকলাপের মধ্যে জাজ্বল্যমান থাকিবে ইতিহাসে।

সবেগম নুন সাহেবের সহিত সংমিলনে শ্রীনেহেরুজী এমন মুগ্ধ হইয়াছিলেন যে তাঁহার যে কাজ করার অধিকার সংবিধানে নাই ভারতীয় স্থান বেরুবাড়ী খুশী হইয়া পাকিস্তানকে সম্প্রদান করিয়া ফেলিলেন। ভারতীয় সংবিধান সংশোধন করিয়াও নেহেরুর এই অনধিকারের অধিকারের জিদ রাখিতে হইবেই। সে জের আজও চলিতেছে। চীনের প্রধান মন্ত্রী চৌ-এন লাই এর সঙ্গে সীমানা লইয়া দিল্লীতে আলোচনা হইতেছে। আলোচনা রুদ্ধ দ্বারে চলিতেছে আমাদের এই প্রবন্ধ লেখার সময় পর্য্যন্ত পূর্ণ তিন দিন চলিতেছে ইহার পরিণতি কি হইবে কে জানে? গত কয়দিন রুদ্ধ দ্বার কক্ষে প্রধান মন্ত্রীতে প্রধান মন্ত্রীতে আলোচনা সুরু হইয়াছে। এঁর ভাষা উনি বোঝেন না ওঁর ভাষা উনি বোঝেন না। রুদ্ধদ্বার কক্ষে আলোচনা হইলেও দো-ভাষীদের উপস্থিতি রোধ করা যায় নাই।

আমরা ইতি পূর্ব্বে "দ'স্তে দোস্তে মামলা—বাইরের লোকের কি দরকার" বলে এক প্রবন্ধ লিখিয়াছিলাম। এখনও বাইরের লোকের কোন দরকার হয় নাই। এক দোস্তের দেশের সাতজন লোককে আর এক দোস্ত হত্যা করে তাদের (হতদের) লাশ দোস্তকে ফেরত দিয়া দোস্তালী বজায় রাখিয়াছে। পিরীতের রীতিই এই—

যদি যাইবি দক্ষিণে,<br>
বলিবি পশ্চিমে—<br>
দাঁড়াবি পূরব মুখে।<br>
গোপনের প্রেম,<br>
গোপনে রাখিলে,<br>
থাকিবি মনের সুখে।

অন্যের জানার গরজ করাও পাপ কিন্তু বাহিরের লোকদের সময় সময় সকল স্বার্থ ত্যাগ করার জন্য আহ্বান করা হয় কেন?

যে সময় রুদ্ধদ্বার কক্ষে চীনা ও ভারতের প্রধান মন্ত্রীদ্বয়ের গোপন আলোচনা হইতেছে ঠিক সেই সময়ে লোকসভায় ভারতীয় প্রতিরক্ষা মন্ত্রীর পুরাতন জীপ সম্বন্ধীয় কীর্ত্তিকাহিনী লইয়া নাড়াচাড়ায় জীব কেলেঙ্কারী অতিথি বন্ধুর কানে কেলেঙ্কারীর খবর দিয়া ঘরের কথা ব্যক্ত করা হইল নাকি? প্রতিরক্ষা মন্ত্রী শ্রীকৃষ্ণ মেনন মাঝে মাঝে চীনের প্রধান মন্ত্রী চৌ-এন লাই এর সঙ্গে কথাবার্ত্তার সুযোগ পাইতেছেন। ভারতের অতিথি হইলেও যেখানে আলোচনা চলিতেছে তখন চীনের পদস্থ কর্ম্মচারীবর্গ বর্ত্তমান কাগজে শ্রীমেননের ও শ্রীনেহেরুর জীপ কেলেঙ্কারী লইয়া যে সব আলোচনা হইতেছে তাহা পাঠ করিয়া প্রতিরক্ষা মন্ত্রীর অতীত কার্য্য এবং সেই কার্য্যে ভারতের প্রায় অর্দ্ধ কোটী মুদ্রার যে সদ্গতি হইয়াছে তাহাতে ভারতের পক্ষে এত টাকা যেন গ্রাহ্যের মধ্যেই নয় ইহা অনুভব করিয়া বিস্মিত হইবেন। বোধ হয় মিঃ চৌ-এন লাই যেমন মিঃ নেহরুর নিমন্ত্রণ রক্ষা করিলেন। মিঃ নেহেরুও তেমনি পিকিঙে গিয়া পাল্টা সৌজন্য দেখানোর পর সেখানে গিয়া আলোচনা করিয়া যাহা হইবে তখন কি মীমাংসা হইল সাধারণে জানিবে। কিন্তু দোভাষীরা বর্ত্তমান লোকসভায় আলোচিত জীপ কেলেঙ্কারী ও ভারত স্বাধীন হইয়া কত টাকা জাহান্নমে ফেলিতে পারে তাহা জানিয়া গেলেন।

## চৌ-নেহেরু আলোচনা ব্যর্থ হ'লেও ব্যর্থ বলা যায় না।

নুন নেহেরু আলোচনার পর পণ্ডিতজী ভারতের দান বিক্রয় হেবা হস্তান্তরের মালিক সাজিয়া যে ভুল করিয়াছিলেন, তাহাতে তাঁহাকে সাধারণ মামলাবাজের মত জিদ রাখতে সুপ্রিম কোর্ট পর্য্যন্ত ছুটিতে হইয়াছে। পণ্ডিত নেহেরু শান্তি নিকেতনে ভাষণে একবার বলিয়াছিলেন তিনি মহাত্মাজীকে আর গুরুদেবকে গুরু বলিয়া মানেন। মহাত্মাজী কোন জিদ রাখিতে অনশন করিতেন; পণ্ডিতজী সে গুরুর পন্থা কখনও নেন নাই, নিবেন বলিয়া মনে হয় নাই। শান্তির অবতার পণ্ডিতজী চৈনিক মন্ত্রীকে এমন কোন সিদ্ধান্ত বা ফয়সালা দেন নাই যাতে কবি গুরুর জন্মশতবার্ষিকীর অব্যবহিত পূর্ব্বে রবীন্দ্রের ভাষায়—

"আমার মাথা নত করে দাও হে তোমার<br>
চীনের প্রাচীর তলে।<br>
সকল সম্ভ্রম ডুবাও আমার ইয়াংসিকিয়াং<br>
জলে॥"

আমরা এখনও বলিতেছি ও আশা করিতেছি "হিন্দী চীনী ভাই ভাই।" জয় পঞ্চশীলের জয়।

---

## ভারতে মৃত্যু অপেক্ষা জন্মের হার দ্বিগুণ

ভারতের ত্রিশ সহস্রাধিক জনসংখ্যা সম্বলিত সহরগুলির জন্ম মৃত্যুর খতিয়ান হইতে দেখা যায় যে, গত জানুয়ারী মাসে মৃত্যুর হার অপেক্ষা জন্মের হার দ্বিগুণ ছিল। আলোচ্য মাসে লোক সংখ্যায় হাজার প্রতি জন্মের হার ছিল ২০ এবং মৃত্যুর হার ছিল ১০·৭। গত বৎসর ডিসেম্বর মাসে জন্মের হার ছিল ৩৪ এবং মৃত্যুর হার ছিল ১২।

—প্রেঃ ইঃ ব্যুঃ

## রঘুনাথগঞ্জ উচ্চ বিদ্যালয়ে রাষ্ট্রভাষা পরীক্ষা

গত এপ্রিল মাসে জঙ্গীপুর মহকুমা রাষ্ট্রভাষা প্রচার সভা পরিচালিত রঘুনাথগঞ্জ বিদ্যালয় কেন্দ্রে রাষ্ট্রভাষা প্রচার সমিতি, ওয়ার্ধা পরিচালিত রাষ্ট্রভাষার বিভিন্ন পরীক্ষা সুনির্বাহিত হইয়াছে। এই কেন্দ্রে সেপ্টেম্বর সেসনের জন্য ছাত্র ভর্ত্তি চলিতেছে। ভর্ত্তি হইবার জন্য রঘুনাথগঞ্জ উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক মহাশয় অথবা কেন্দ্র প্রচারক শ্রীসুরেন্দ্রনাথ পাণ্ডে অথবা শ্রীধীরেন্দ্রকুমার চক্রবর্ত্তী ( হোমিও ) এর সহিত অথবা 'পাণ্ডত প্রেসে' সাক্ষাৎ করিতে হইবে।

—শ্রীসুরেন্দ্রনাথ পাণ্ডে রা. ভা. কোবিদ
কেন্দ্র প্রচারক।

---

## লোকরঞ্জন শাখার অভিনয়

গত ৮ই বৈশাখ সেখদীঘ জুনিয়র হাই স্কুল প্রাঙ্গণে পশ্চিম বঙ্গ সরকারের লোকরঞ্জন শাখার থিয়েটার দেখান হইয়াছে। ডাইনামোর আলো ও মাইক্রোফোনের ব্যবস্থায় অভিনয় অত্যন্ত সুন্দর হয়েছে। এই অনুষ্ঠানে প্রায় ২০ কুড়ি হাজার লোকের সমাগম হয়েছিল। রাত্রি ৮॥০ হ'তে দেড়টা পর্য্যন্ত এই বিরাট জনতা বিস্ময়ে অভিভূত হয়ে এই অভিনয় দেখে মুগ্ধ হয়ে আনন্দ লাভ করেছে। মাননীয় বি. ডি. ও. ( সাগরদীঘি ) ও অন্যান্য পদস্থ কর্ম্মচারিগণ ও বিশিষ্ট সম্ভ্রান্ত ব্যক্তিগণ উপস্থিত ছিলেন।

---

## ভবঘুরেদের পুনর্বাসন

গত ১৯৬০ সালের ৩১শে মার্চ্চ যে পক্ষকাল শেষ হইয়াছে তাহার মধ্যে পুলিশ ভবঘুরে সন্দেহে মোট ৭৫ জনকে গ্রেপ্তার করে। তাহাদের মধ্যে ২৪ জনকে ভবঘুরে বলিয়া ঘোষণা করা হয়। যে সকল লোককে গ্রেপ্তার করা হইয়াছে, তাহাদের মধ্যে ২৫ জন মাত্র পশ্চিম বঙ্গের বাসিন্দা এবং অবশিষ্টাংশ পাকিস্তান ও ভারতের অন্যান্য রাজ্য হইতে আসিয়াছে। দুইজনকে বঙ্গীয় ভবঘুরে আইনের ১০ ধারানুযায়ী বহিস্কৃত করা হয়।

—প্রেঃ ইঃ ব্যুঃ

---

১/২ অংশ নিলাম হইবে। আঃ ৫০৲ খং ৫৯৫ রায়ত স্থিতিবান স্বত্ব কোর্ট কর্ত্তৃক নির্দ্ধারিত মূল্য ১৫০৲

১৯৫৯ সালের ডিক্রীজারী

১৬৭ খাং ডিঃ ধীরেন্দ্রনাথ রায় দেং অজিতকুমার ঘোষ দিং দাবি ৮২ টাকা ২৩ নঃ পঃ থানা রঘুনাথগঞ্জ মৌজে বিজয়পুর ৭-৯৩ শতকের কাত ৫৩॥/৭॥০ আঃ ৫০৲ খং ৫১৯।৫২১ কোর্ট কর্ত্তৃক নির্দ্ধারিত মূল্য ১০০৲

---

## জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত
## নিলামের দিন ৯ই মে ১৯৬০

১৯৫৯ সালের ডিক্রীজারী

৭৪ মনি ডিঃ কমলেন্দুবিকাশ সরকার দেং শৈলেন্দ্রনাথ সরকার দাবি ২৩৯ টাকা ৬৪ নঃ পঃ থানা সমসেরগঞ্জ মৌজে ধুসরীপাড় ১/৩ অংশ ১-১৯ শতক জমি আঃ ১০০৲ খং ৩২৪ কোর্ট কর্ত্তৃক নির্দ্ধারিত মূল্য ৩০০৲

৮৪ খাং ডিঃ গৌরীশঙ্কর রায় দেং যজ্ঞেশ্বরনাথ রায় দাবি ৪৬৪ টাকা ২৩ নঃ পঃ থানা রঘুনাথগঞ্জ মৌজে কাশিয়াডাঙ্গা ৩-৬৮ শতকের কাত ৬৶২ আঃ ১০০৲ খং ২৪৭

১৩ স্বত্ব ডিঃ মসকুরা খাতুন বিবি দেং বদরুল হোদা দিং দাবি ১২০ টাকা ৭ নঃ পঃ থানা সাগরদীঘি মৌজে তসপাড়া ৮৭ শতক বাদীর প্রাপ্য ১৭$\frac{১}{২}$ শতক বাদে বক্রী আঃ ৫০৲ খং ৪০

৩০ মনি ডিঃ হারাধন দাস দিং দেং মেনকাসুন্দরী বর্ম্মণ্যা দাবি ৮৫ টাকা ৫৬ নঃ পঃ থানা রঘুনাথগঞ্জ মৌজে রামপুর ৭৯ শতকের কাত ২/৯ আঃ ১০০৲ খং ২১৭ রায়ত স্থিতিবান স্বত্ব ২নং লাট থানা ঐ মৌজে তেঘরী ২০ শতকের কাত ।৶৩ আঃ ৪০৲ খং ৫৮৩ ঐ স্বত্ব

৫২ মনি ডিঃ হাজি আকিমুদ্দিন মোল্লা দেং জাফর সেখ দাবি ১৪৪ টাকা ২২ নঃ পঃ থানা সাগরদীঘি মৌজে চর মথুরাপুর ২-৪৩ শতকের কাত ১১৫ তন্মধ্যে ৩৪ শতকের পড়তামত ১॥০ আঃ ৫০৲ খং ৩৮ রায়ত স্থিতিবান

---

# নিলামের ইস্তাহার

## চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত
## নিলামের দিন ৯ই মে ১৯৬০

১৯৫৯ সালের ডিক্রীজারী

১৬৫ খাং ডিঃ নৃপেন্দ্রনাথ দাস দিং দেং নিবারণচন্দ্র দাস দাবি ৪৪ টাকা ২৮ নঃ পঃ থানা সুতী মৌজে আহিরণ ৩৪ শতকের কাত ৫॥০ আঃ ২০৲ খং ৪০১/২০ কোর্টের মূল্য ১১০৲

৫৯ মনি ডিঃ পশ্চিম বঙ্গ সরকার দেং মহসেনাল সেখ দাবি ৩৮ টাকা ৯৪ নঃ পঃ থানা রঘুনাথগঞ্জ মৌজে জরুর ২-৩৯, ২-৬০ শতকের কাত ৬৲ আঃ ৩০৲ খং ৭৯, ৯৩, ৮৯, ৪১০

৭৩ মনি ডিঃ কালুরাম শেঠি দেং সলিম সেখ মণ্ডল দিং দাবি ৩২০ টাকা ৬৬ নঃ পঃ থানা সুতি মৌজে রমাকান্তপুর ১-৬৬ শতকের কাত ৪ টাকা ৭৫ নঃ পঃ আঃ ৬০৲ খং ৩২০ কোর্ট কর্ত্তৃক নির্দ্ধারিত মূল্য ৩৫০৲

৭৮ মনি ডিঃ হাসিমুদ্দিন বিশ্বাস দেং কমলাকান্ত সিংহ দাবি ১৯৪ টাকা ১৯ নঃ পঃ থানা রঘুনাথগঞ্জ মৌজে বহড়া ৯২৯ মধ্যে ১২৫ শতকের কাত ৩৩॥/৫ মধ্যে ৪॥১০ আঃ ৫০৲ খং ২৩১ রায়ত স্থিতিবান কোর্ট কর্ত্তৃক নির্দ্ধারিত মূল্য ২৫০৲

৭৯ মনি ডিঃ মোয়াজ্জেম হোসেন দেং শরৎচন্দ্র সিংহ দাবি ২২৩ টাকা ২৫ নঃ পঃ থানা রঘুনাথগঞ্জ মৌজে বহড়া ৯২৯ মধ্যে ১২২ শতকের কাত ৩৩॥/৫ মধ্যে ৪।৶০ আঃ ৫০৲ খং ৮৪ রায়ত স্থিতিবান কোর্ট কর্ত্তৃক নির্দ্ধারিত মূল্য ২৫০৲

১৯৫৮ সালের ডিক্রীজারী

১৮৫ খাং ডিঃ পশ্চিম বঙ্গ সরকার পক্ষে কালেক্টার অব মুর্শিদাবাদ দেং চারুবালা দেবী দাবি ৭৫৯ টাকা ৯৭ নঃ পঃ থানা রঘুনাথগঞ্জ মৌজে জঙ্গিপুর জমি ৬২ শতক আঃ ১০০৲ ৬২ শতক মধ্যে ৫$\frac{৫}{১৪}$ শতক মায় তদুপরিস্থিত পোক্তা দ্বিতল ঘর, জানালা, কপাট, চৌকাট, নওয়াজিমা ইত্যাদি আঃ ১০০৲ মোকররী স্বত্ব কোর্ট কর্ত্তৃক নির্দ্ধারিত মূল্য ৬৫০৲

২নং লাট মৌজাদি ঐ ১০ শতক মধ্যে দেন্দারের




বিশ্বস্ততার প্রতীক

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর।

সি, কে, সেনের
**আমলা** কেশ তৈল



সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ,
জবাকুসুম হাউস, কলিকাতা-১২



**দি আর্ট ইউনিয়ন প্রিন্টিং ওয়ার্কস**

৫৫।৭, গ্রে ষ্ট্রীট, পোঃ বিডন ষ্ট্রীট কলিকাতা—৬

টেলিগ্রাম : "আর্ট ইউনিয়ন" টেলিফোন : বড়বাজার ৪১৯

প্রাথমিক, মধ্য ও উচ্চ বিদ্যালয়ের

যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি

ও

ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়, কো-অপারেটিভ রুর্যাল সোসাইটী, ব্যাঙ্কের

যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

সর্ব্বদা সুলভ মূল্যে পাওয়া যায়

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে প্রস্তুত ও ডেলিভারী হয়




আমেরিকায় আবিষ্কৃত

**ইলেকট্রিক সলিউসন**

— দ্বারা —

**মরা মানুষ বাঁচাইবার উপায়ঃ—**




আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু যাঁহারা জটিল রোগে ভুগিয়া অ্যাঙ্গে মরা হইয়া রহিয়াছেন, স্নায়বিক দৌর্ব্বল্য, যৌবনশক্তিহীনতা, স্বপ্নবিকার, প্রদর, অজীর্ণ, অম্ল, বহুমূত্র ও অন্যান্য প্রস্রাবদোষ, বাত, হিষ্টিরিয়া, সূতিকা, ধাতুপুষ্টি প্রভৃতিতে অব্যর্থ পরীক্ষা করুন। আমেরিকার সুবিখ্যাত ডাক্তার পেটাল সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত ইলেকট্রিক সলিউসন' ঔষধের আশ্চর্য্য ফল দেখিয়া মন্ত্রমুগ্ধ হইবেন। প্রতি বৎসর অসংখ্য মুমূর্ষু রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি শিশি ১৷৷০ টাকা ও মাশুলাদি ১/০ এক টাকা তিন আনা।

সোল এজেন্ট :— **ডাঃ ডি, ডি, হাজরা**

ফতেপুর, পোঃ—গার্ডেনরিচ, কলিকাতা—২৪



**শ্রীঅরুণ**

কমার্শিয়াল আর্টিষ্ট ও ফটোগ্রাফার

পোঃ রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ

ফটো তোলা, ফটো ওয়াশ, প্রিণ্ট ও এনলার্জ করা, সিনেমা স্লাইড তৈরী প্রভৃতি যাবতীয় কাজ এবং নানাপ্রকার ছবি ও সূচীকার্য্য সুন্দররূপে বাঁধান হয়।


রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।